

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১২০/২০২২-২০২৩
ময়মনসিংহ, ২৮ মার্চ, মঙ্গলবার ২০২৩, ১৪ চৈত্র ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। রমজানে আন্দোলনের ঘোষণা দেয়ায় বিএনপির সমালোচনা প্রধানমন্ত্রীর
- ০২। ৩০ মার্চ থেকে সরকারি হাসপাতালেই ফি নিয়ে রোগী দেখবেন চিকিৎসকরা
- ০৩। শহীদ মুক্তিযোদ্ধা পরিবার ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করেছে মসিক
- ০৪। হজযাত্রী নিবন্ধনের সময় বাড়লো

০১। রমজানে আন্দোলনের ঘোষণা দেয়ায় বিএনপির সমালোচনা প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রমজান মাসে জনজীবনের পবিত্রতা ও শান্তিকে উপেক্ষা করে আন্দোলনের জন্য বিএনপির আহ্বানের সমালোচনা করেছেন। বিএনপিকে উদ্দেশ্য করে প্রধানমন্ত্রী বলেন, ‘অন্তত এই রমজান মাসে তো জনগণকে আন্দোলন থেকে নিস্তার দিন।’ সোমবার (২৭ মার্চ) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) ৫৩তম স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্বকালে প্রধানমন্ত্রী একথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপত্র এক্সপ্রেস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের খবর ও দৈনিক উর্মিবাংলা প্রতিদিন।

০২। ৩০ মার্চ থেকে সরকারি হাসপাতালেই ফি নিয়ে রোগী দেখবেন চিকিৎসকরা

আগামী ৩০ মার্চ থেকে সরকারি হাসপাতালে প্রাতিষ্ঠানিক প্র্যাকটিস শুরু করবেন চিকিৎসকরা। প্রাথমিকভাবে ১০টি জেলা ও ২০টি উপজেলায় পাইলটিংভাবে এ চিকিৎসাসেবা দেয়া হবে। বিকেল ৩টা থেকে ৬টা পর্যন্ত বৈকালিক এ চিকিৎসাসেবায় অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সিনিয়র কনসালটেন্টরাও রোগী দেখবেন। এজন্য ফি নির্ধারণ করে দেয়া হয়েছে। সোমবার (২৭ মার্চ) সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে ‘সরকারি চিকিৎসকদের বৈকালিক স্বাস্থ্যসেবা’ সংক্রান্ত সভাশেষে আয়োজিত এক ব্রিফিংয়ে স্বাস্থ্যমন্ত্রী এ তথ্য জানান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপত্র এক্সপ্রেস, দৈনিক জাহান ও দৈনিক নিউ টাইমস।

০৩। শহীদ মুক্তিযোদ্ধা পরিবার ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করেছে মসিক

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উপলক্ষ্যে সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত শহীদ মুক্তিযোদ্ধা পরিবার ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করেছে ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক)। সোমবার (২৭ মার্চ) সকালে টাউন হল এডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে সিটি কর্পোরেশনের আয়োজনে এ সংবর্ধনা প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিটি মেয়র মো. ইকরামুল হক টিটু। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপত্র এক্সপ্রেস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের খবর।

০৪। হজযাত্রী নিবন্ধনের সময় বাড়লো

কোটা পূরণ না হওয়ায় হজযাত্রী নিবন্ধনের সময় ৬ষ্ঠবারের মতো বাড়ানো হয়েছে। বাড়ানো সময় অনুযায়ী আগামী ৩০ মার্চ পর্যন্ত হজের নিবন্ধন চলবে। সোমবার (২৭ মার্চ) নিবন্ধনের সময় বাড়িয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। সূত্র: দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক নিউ টাইমস।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** শিশু নির্যাতন দিন দিন বেড়েই বলেছে। গত দুই তিন বছরে প্রায় প্রতিদিনই লোমহর্ষক ঘটনার ভুক্তভোগী হয়েছে শিশুরা। আইন-শৃঙ্খলা বাহিনীকে এ বিষয়ে আরো সহায়ক ও সচেতন হতে হবে। তবেই শিশু নির্যাতনের অবসান ঘটানো সম্ভব।
- (খ) **দৈনিক স্বজন:** ১৭টি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) ৬ নম্বরেই নিরাপদ পানি ও স্যানিটেশনের উল্লেখ রয়েছে। এই লক্ষ্যমাত্রা অর্জনে দেশে সরকারি-বেসরকারি পর্যায়ে চলছে নানা কার্যক্রম। তবে এর গতি আশানুরূপ না হওয়ায় নির্ধারিত সময়ে লক্ষ্যমাত্রা অর্জন নিয়ে সংশয় রয়েছে। আমরা আশা করবো সরকারের নীতিনির্ধারকরা এসব বিষয়ে বিশেষ দৃষ্টি দিবেন।
- (গ) **দৈনিক বন্ধপত্র এক্সপ্রেস:** অযত্ন, অবৈধ দখল, অবহেলা আর উদাসীনতায় মহান মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত বধ্যভূমিগুলো নিশ্চিহ্ন হতে চলেছে। মহান মুক্তিযুদ্ধের যেকোনো স্মৃতি সংরক্ষণ করা আমাদের জাতিসত্তার জন্যই অপরিহার্য। মুক্তিযুদ্ধে নিহত ব্যক্তির পরিবার ও নাগরিকদের উদ্যোগে দেশের বধ্যভূমিগুলোর যথাযথ রক্ষণাবেক্ষণ সম্ভব। তবে সরকারকে প্রধান ভূমিকা পালন করতে হবে।
- (ঘ) **দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন:** একুশ শতকে এসেও বাংলাদেশের ৬৬ শতাংশ নারী এখনো শিক্ষা থেকে বঞ্চিত। এর প্রধান কারণ নারীর বাল্যবিবাহ। যা নারীর অগ্রযাত্রাকে ব্যাপকভাবে ব্যাহত করছে। তাই বাল্যবিবাহ প্রতিরোধে জোরদার সামাজিক আন্দোলন গড়ে তোলার কোনো বিকল্প নেই।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। সুখ দিবস ও আমাদের সুখ-চিরঞ্জন সরকার (দৈনিক স্বজন)
- ০২। বিলুপ্ত প্রায় বিচিত্র খৈ ফল গাছ- প্রকাশ ঘোষ বিধান (দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস ও দৈনিক উর্মিবাংলা প্রতিদিন)

#